

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

বরিশাল ডিভিশন, হিমনীড়, বরিশাল।

### “নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণ/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঅনৌপক, বরিশাল নির্বাহী প্রকৌশলীর দপ্তর হিমনীড়, চাঁদমারী এস্টেট, পাইলট হাউজ ও নদী বন্দর প্রাঙ্গনে ঘূর্ণিঝড় “আম্পান” এর আঘাতে পড়ে যাওয়া বিভিন্ন প্রজাতির ৩৪(চৌত্রিশ)টি গাছ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সীল মোহরকৃত নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিলাম দরপত্র আগামী ১৭/০২/২০২১ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী প্রকৌশলী, বরিশাল ডিভিশন, বাঅনৌপক, হিমনীড়, বরিশাল এর দপ্তর এবং নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) নৌ-কারখানা, বাঅনৌপক, বরিশাল এ রক্ষিত ব্যাল্ডে একযোগে গ্রহন করা হবে এবং ঐ দিন বেলা ১৩:০০ ঘটিকার সময় নির্বাহী প্রকৌশলী, বাঅনৌপক, বরিশাল ডিভিশন, বরিশাল এর দপ্তরে নিলাম দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

### -ঃ শর্তাবলী ঃ-

১. নিলামে অংশগ্রহনকারী নিলাম দরপত্র দাখিলের পূর্বে উক্ত গাছ সমূহ সরজমিনে দেখতে পারবেন।
২. নিলাম দরপত্রে আইটেম ভিত্তিক দর কথায় ও অংকে লিখতে হবে।
৩. নিলাম দরপত্রে সর্বমোট মূল্যের উপর ২৫% (শতকরা পচিশ ভাগ) বায়নার টাকা যেকোন তফশীল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে “বাঅনৌপক” এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে প্রদান করতে হবে।
৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পূর্বক কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমস্ত গাছ সমূহ নিজ খরচে ও কর্তব্যরত নিরাপত্তা রক্ষীকে অবহিত করে অফিস চলাকালীন সময়ে নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে।
৫. সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বিধি মোতাবেক উদ্ধৃত দরের উপর আয়কর, ভ্যাটসহ অন্যান্য করাদি কর্তৃপক্ষের অনুকূলে জমা প্রদান করতে হবে।
৬. কার্যাদেশ প্রদানের পরে নিলামকৃত গাছের নিরাপত্তার দায়িত্ব নিলাম গ্রহীতাকে বহন করিতে হবে।
৭. নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত গাছ সমূহ সরিয়ে নিতে ব্যর্থ হলে বা সিডিউল বহির্ভূত গাছ সমূহ খোয়া/চুরি হলে তার জন্য কর্তৃপক্ষের বিধি মোতাবেক নিলাম গ্রহীতাকে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।
৮. নিলামে অংশগ্রহন করতে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানের মালিক নিলাম দরপত্র গ্রহনের নির্ধারিত তারিখের পূর্বদিন ১৭:০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত কর্তৃপক্ষের আঞ্চলিক হিসাব দপ্তর বরিশালে টাঃ ৪০০/- (চারশত) মাত্র (অফেরৎযোগ্য) জমা দিয়া নিলাম তফশীল সংগ্রহ করিতে পারবেন।
৯. উক্ত নিলামকৃত গাছ সমূহ সরিয়ে নেওয়ার সময় কর্তৃপক্ষের স্থাপনা বা বৈদ্যুতিক লাইনের কোন ক্ষয়-ক্ষতি হলে তাহা নিলাম গ্রহীতার উপর বর্তাবে এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।
১০. কর্তৃপক্ষের অন্যান্য নিয়ামাবলী যথারীতি পালিত হবে।
১১. কর্তৃপক্ষ যে কোন নিলাম দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ মামুন উর রশীদ)

নির্বাহী প্রকৌশলী

বরিশাল ডিভিশন, হিমনীড়

বাঅনৌপক, বরিশাল।

তারিখ: ২৭/০১/২০২১

নথি নং ১৮.১১.০৬.৫১.২৭৪.০৭.০১৫.১৭/৬০৮

- ০১। সচিব, বাঅনৌপক, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাঅনৌপক, ঢাকা।
- ০৩। পরিচালক (হিসাব) বাঅনৌপক, ঢাকা।
- ০৪। পরিচালক (নিরীক্ষা) বাঅনৌপক, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, ডিইপিটিসি, বান্দ রোড, বাঅনৌপক, বরিশাল।
- ০৬। পরিচালক (অর্থ) বাঅনৌপক, ঢাকা।
- ০৭। পরিচালক (আইসিটি), বাঅনৌপক, ঢাকা। [বিআইডব্লিউটিএ এর ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা যাচ্ছে।]
- ০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাঅনৌপক, বরিশাল সার্কেল, বরিশাল।
- ০৯। যুগ্ম-পরিচালক (নৌসংপ) বাঅনৌপক, বরিশাল।
- ১০। জনসংযোগ কর্মকর্তা, বাঅনৌপক, ঢাকা। [০১(এক)টি বাংলা ও ০১(এক)টি ইংরেজী জাতীয় পত্রিকায় পর পর দুই দিন প্রকাশের ব্যবস্থার জন্য অনুরোধ করা যাচ্ছে (০৬ কপি টেন্ডার নোটিশ সংযুক্ত)।]
- ১১। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), বাঅনৌপক, নৌ-কারখানা বরিশাল।
- ১২। উপ-পরিচালক (হিসাব) আঞ্চলিক হিসাব দপ্তর, বাঅনৌপক, বরিশাল।
- ১৩। উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ), সওপ, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।
- ১৪। সহকারী পরিচালক (নৌ-নিট্রা) বরিশাল নদী বন্দর, বাঅনৌপক, বরিশাল।
- ১৫। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
- ১৬। ফরেস্টার রেঞ্জ কর্মকর্তা; সদর রেঞ্জ, বরিশাল।
- ১৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
- ১৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশলী) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
- ১৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিঃপরিঃ) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
- ২০। নোটিশ বোর্ড।
- ২১। নথি।

নিলামের তারিখ ও সময় উপস্থিত থেকে নিলাম কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
২৭/০১/২০২১  
নির্বাহী প্রকৌশলী